

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৪২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২২, দ্বিতীয় অনুচ্ছেদ - ভালো কাজের আদেশ

## আরবী

وَعَنْ أَبِي بَكْرِ الصِّدِيقِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: يَا أَيُّهَا النَّاسُ إِنكم تقرؤونَ هذهِ الْآيَة: (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا عَلَيْكُمْ أَنْفُسَكُمْ لَا يَضُرُّكُمْ مَنْ ضَلَّ إِذَا اهْتَدَيْتُمْ)

فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّ النَّاسَ إِذَا رَأَوْا مُنْكَرًا فَلَمْ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّ النَّاسَ إِذَا رَأَوْا مُنْكَرًا فَلَمْ يُغيِّرُوهُ يُوشِكُ أَنْ يَعُمَّهُمُ اللَّهُ بِعِقَابِهِ ﴿ . رَوَاهُ ابْنُ مَاجَهُ وَالتِّرْمِذِيُّ وَصَحَّحَهُ. وَفِي رِوَلَيَةِ أَيْ دَاوُد: ﴿إِذَا رَأَوْا الظَّالِمِ فَم يَأْخُذُوا عَلَى يَدَيْهِ أَوْشَكَ أَنْ يَعُمَّهُمُ اللَّهُ بِعِقَابٍ ﴿ . وَفِي أَخْرَى لَهُ: ﴿ مَا مِنْ قَوْمٍ يُعْمَلُ فِيهِمْ بِالْمَعَاصِي ثُمَّ يَقْدِرُونَ عَلَى أَنْ يُغَيِّرُوا ثُمَّ لَا يُغَيِّرُونَ أَلْكُ يُعْمَلُ فِيهِمْ بِالْمَعَاصِي ثُمَّ يَقُدرُونَ عَلَى أَنْ يُغَيِّرُوا ثُمَّ لَا يُغَيِّرُونَ أَلْ يُغَيِّرُونَ اللَّهُ بِعِقَابٍ ﴿ . وَفِي أَخْرَى لَهُ: ﴿ مَا مِنْ قَوْمٍ يُعْمَلُ فِيهِمْ بِالْمَعَاصِي ثُمَّ يَقُدرُونَ عَلَى أَنْ يُعْمَلُ فِيهِمْ بِالْمَعَاصِي إِلَّا يُوسِكُ أَنْ يُعُمَّكُمُ لَلْ يُعْكَمُ لُ فِيهِمْ بِالْمَعَاصِي اللَّهُ بِعِقَابٍ ﴿ . وَفِي أَنْ يَعُمَّهُ مُ اللَّهُ بِعِقَابٍ ﴿ . وَفِي أَخْرَى لَهُ: ﴿ مَا مِنْ قَوْمٍ يُعْمَلُ فِيهِمْ بِالْمَعَاصِي اللَّهُ بِعِقَابٍ ﴿ . وَفِي أَخْرَى لَهُ: ﴿ مَا مِنْ قَوْمٍ يُعْمَلُ فِيهِمْ بِالْمَعَاصِي اللَّهُ مُ اللَّهُ مِنْ يعملُه ﴾

#### বাংলা

৫১৪২-[৬] আবৃ বকর সিদ্দীক (রাঃ) হতে বর্ণিত। তিনি সমবেত লোকেদের উদ্দেশে বলেন, হে জনগণ! তোমরা নিশ্চয় এ আয়াতটি পাঠ করেছ, (অর্থাৎ-) "হে ঈমানদারগণ! তোমরা নিজেদের ওপর এ কথা আবশ্যিক করে নাও, যে পথভ্রষ্ট হয়েছে, সে তোমাদের কোন ক্ষতি সাধন করতে পারবে না, যতক্ষণ পর্যন্ত তোমরা হিদায়াতের উপর স্থির থাকবে"। এ সম্পর্কে আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, মানুষ যখন কোন খারাপ কাজ হতে দেখে, সেটাকে পরিবর্তন করে না, অনতিবিলম্বেই আল্লাহ তা'আলা তাদের ওপর তাঁর 'আযাব নাযিল করবেন। [ইবনু মাজাহ ও তিরমিযী;[1] আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি সহীহ বলে বর্ণনা করেছেন।]

আর আবৃ দাউদ (রহিমাহুল্লাহ)-এর এক বর্ণনায় আছে যে, মানুষ যখন কোন অত্যাচারীকে অত্যাচার করতে দেখেও তার হাত ধরে না ফেলে, অনতিবিলম্বেই আল্লাহ তা'আলা তাকে শাস্তি প্রদান করবেন। ইমাম আবৃ দাউদ-এর অপর এক বর্ণনায় আছে যে, যে জাতির মধ্যে পাপাচার হয়, আর সে জাতির পরিবর্তন ক্ষমতা থাকা সত্ত্বেও সেটার পরিবর্তন না করে, তাহলে অনতিবিলম্বে আল্লাহ তা'আলা তাকে শাস্তি প্রদান করবেন। তাঁর অপর এক বর্ণনায় আছে যে, যে জাতি পাপাচারে লিপ্ত হয়, আর পাপে লিপ্তদের তুলনায় সাধারণ লোক সংখ্যায় বেশি হয়।



# ফুটনোট

[1] সহীহ: ইবনু মাজাহ ৪০০৫, তিরমিয়ী ২১৬৮, আবূ দাউদ ৪৩৩৮, সহীহুল জামি' ১৯৭৪, আহমাদ ৩০, আবূ ইয়া'লা ১৩১, অন্য রিওয়ায়তে আবূ দাউদ ৪৩৩৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ يَا يُهَا الَّذِينَ أَمَنُوا عَلَيْكُمْ أَنْفُسَكُمْ لَا يَضِرُكُمْ مَنْ ضَلَّ إِذَا اهْتَدَيْتُمْ वाणात वा

অর্থাৎ- তোমাদের ওপর আবশ্যক হলো তোমরা নিজেদেরকে অন্যায় থেকে সংরক্ষণ করবে তাহলে কিতাবধারীদের মধ্যে যারা শুমরাহ হয়েছে তারা তোমাদের কোনরূপ ক্ষতি করতে পারবে না। আর তোমরা তাদের থেকে খাজনা গ্রহণ করে তাদের থেকে দূরে থাক।

উল্লেখিত হাদীসের ব্যাখ্যায় আবৃ 'উবায়দ (রহিমাহ্ল্লাহ) বলেছেনঃ আবৃ বকর সিদ্দীক (রাঃ) এ কথা ভেবে ভয় পেয়ে গেলেন যে, লোকেরা হয়তবা আয়াতের ভুল ব্যাখ্যা করতে পারে। তারপর মানুষদেরকে সংকাজের আদেশ দেয়া থেকে নিষেধ করতে পারে। তাই তিনি তাদেরকে জানিয়ে দিলেন যে, বিষয়টি প্রকৃতপক্ষ এমন নয় বরং এখানে উদ্দেশ্য হলো বিধর্মীদের মধ্যে যারা মুসলিম অঞ্চলের মুয়াহাদ তথা চুক্তিবদ্ধ তাদেরকে তাদের শির্কী কর্মকাণ্ড থেকে বাধা প্রদান না করার ব্যাপারে অনুমতি দেয়া হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২১৬৮)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ বকর সিদ্দীক (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75866

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন